

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
শৃংখলা-২ শাখা
www.mohfw.gov.bd

নং- ৪৫.১৫১.০২৭.০০.০০.০১২.২০১৭/ ২৭৮

তারিখঃ ২১.০৩.২০১৭ খ্রিঃ

প্রজ্ঞাপন


যেহেতু, ডাঃ শিরীন চৌধুরী, সহকারী পরিচালক (চঃদাঃ), জেলা পরিবার পরিকল্পনা কার্যালয়, সিলেট গত ০৯.০৩.১৯৯৭ তারিখের স্বাপকম/পার-৪/বিবিধ-৬/৮৮/৫৩ নং স্মারক মোতাবেক ০৪ (চার) মাসের বহিঃ বাংলাদেশ ছুটি নিয়ে কর্মস্থল ত্যাগ করেন;

যেহেতু, তিনি মঞ্জুরীকৃত ছুটি ভোগ শেষে কর্মস্থলে যোগদান না করে গত ০১.০৭.১৯৯৮ তারিখ হতে বিনানুমতিতে কর্মস্থলে অনুপস্থিত রয়েছেন;

যেহেতু, গত ২৮.০২.২০০৩ তারিখে তার সরকারি চাকুরীতে অনুপস্থিতকাল (অনুমোদিত এবং অননুমোদিতবিহীন ছুটিসহ) ধারাবাহিকভাবে ০৫ (পাঁচ) বছরের অধিককাল অতিক্রান্ত হয়েছে;

সেহেতু, বিএসআর (পার্ট-১)-এর ৩৪ বিধি মোতাবেক তাঁর চাকুরী স্বয়ংক্রিয়ভাবে অবসান ঘটেছে এবং এই অবসান ডাঃ শিরীন চৌধুরী, সহকারী পরিচালক (চঃদাঃ), জেলা পরিবার পরিকল্পনা কার্যালয়, সিলেট এর কর্মস্থলে অনুপস্থিতির মেয়াদ ০৫ (পাঁচ) বছর পূর্ণ হওয়ার পরদিন অর্থাৎ ০১.০৩.২০০৩ খ্রিঃ তারিখ হতে কার্যকর হবে।

জনস্বার্থে এই প্রজ্ঞাপন জারি করা হলো।


(মোঃ সিরাজুল ইসলাম)
সচিব


উপ পরিচালক
বাংলাদেশ ফরমস ও প্রকাশনা অফিস
তেজগাঁও, ঢাকা।

নং- ৪৫.১৫১.০২৭.০০.০০.০১২.২০১৭/ ২৭৮/১(১১)

তারিখঃ ২১.০৩.২০১৭ খ্রিঃ

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলোঃ

- ১। মহাপরিচালক, পরিবার পরিকল্পনা অধিদপ্তর, আজিমপুর, ঢাকা (আদেশটি অভিযুক্তের স্থায়ী ও বর্তমান ঠিকানায় প্রেরণ পূর্বক মন্ত্রণালয়কে অবহিত করার জন্য অনুরোধ করা হলো)।
- ২। পরিচালক (প্রশাসন), লাইন ডাইরেক্টর (জনশক্তি ব্যবস্থাপনা), পরিবার পরিকল্পনা অধিদপ্তর, আজিমপুর, ঢাকা।
- ৩। পরিচালক, পরিবার পরিকল্পনা অধিদপ্তর, চট্টগ্রাম বিভাগ, চট্টগ্রাম।
- ৪। পরিচালক, এমআইএস, পরিবার পরিকল্পনা অধিদপ্তর, আজিমপুর, ঢাকা (কম্পিউটারে সংরক্ষণের অনুরোধসহ)।
- ৫। প্রধান হিসাবরক্ষণ কর্মকর্তা, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, সেগুন-বাগিচা, ঢাকা।
- ৬। উপ-সচিব (পার-৩) অধিশাখা, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৭। উপ-সচিব (পরিবার কল্যাণ-২) অধিশাখা, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৮। সিস্টেম এনালিস্ট স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় (আদেশটি ওয়েব সাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হলো)।
- ৯। জেলা হিসাবরক্ষণ কর্মকর্তা, সিলেট।
- ১০। ডাঃ শিরীন চৌধুরী, সহকারী পরিচালক (চঃ দাঃ), জেলা পরিবার পরিকল্পনা কার্যালয়, সিলেট।


(মোঃ আব্দুল হক)
সহকারী সচিব

E-mail:mahaque1964@gmail.com